



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



স্বল্প খরচে সরকারিভাবে জর্ডানে গার্মেন্টস এ দক্ষ কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার

নং- ৪৯.০২.০০০০.০০০.০৫.০০১.২১/ ২৭৫৭

তারিখ: ২৯.০৯.২০২৬ খ্রি.

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানের **Tusker Apparel-** এর অধীনে নিম্নবর্ণিত পদে শুধু দক্ষ কর্মী নিয়োগ করা হবে:

পদের নাম	দক্ষতা	বয়স	সংখ্যা	মাসিক মূল বেতন
মহিলা ফ্যাক্টরি ওয়ার্কার (Female Factory Worker)	প্লেইন মেশিন ও ওভারলক মেশিন পরিচালনার বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন	২০-৩৫ এর মধ্যে হতে হবে।	১৬৯ জন	১৮৩.৩৫ ইউএসডি

চাকরির শর্তাবলি:

- (১) দৈনিক ৮ (আট) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন এবং ওভার টাইম (স্বেচ্ছাধীন)।
- (২) চাকরির চুক্তি ৩ (তিন) বৎসর (নবায়নযোগ্য)।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমানভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) জর্ডান ফেরতদের মধ্যে শুধুমাত্র তাক্সার কোম্পানিতে যারা ছিলেন তারাই পুনরায় আবেদন করতে পারবেন।
- (৬) যাদের বিরুদ্ধে দেশ বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত হবে।
- (৭) একাধিক পাসপোর্ট থাকলে অবশ্যই সঙ্গে আনতে হবে।
- (৮) যুদ্ধবিক্ষত দেশ হতে প্রত্যাগত কর্মীদের সংশ্লিষ্ট কাজে যোগ্যতা ও দক্ষতার ভিত্তিতে অগ্রাধিকার দেওয়া হবে।
- (৯) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

বোয়েসেলের সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:

নির্বাচিত কর্মীদের সকল খরচ কোম্পানি বহন করবে। শুধু মাত্র মেডিক্যাল ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা এবং পিডিও ট্রেনিং বাবদ ২০০/- (দুইশত) ও ফিল্ডার প্রিন্ট বাবদ ২০০/- (দুইশত) টাকা খরচ হবে। ভিসা প্রাপ্তি সাপেক্ষে জর্ডান গমনের পূর্বেই কোম্পানি কর্তৃক এই টাকা পরিশোধ করা হবে।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:

- (১) ৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি
- (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০১ (এক) সেট রঙিন ও চার সেট সাদাকালো ফটোকপি
- (৩) একাধিক পাসপোর্ট থাকলে অবশ্যই সাথে আনতে হবে।

আগ্রহী প্রার্থীদের উল্লিখিত কাগজপত্রসহ সাক্ষাৎকার/প্র্যাকটিক্যাল টেস্ট প্রদানের জন্য নিম্নবর্ণিত স্থান ও সময়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো:

তারিখ ও বার	স্থান	সময়
০২ অক্টোবর ২০২৬ খ্রি., শুক্রবার	মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, দারুস-সালাম রোড, মিরপুর, ঢাকা	সকাল ৮.০০ টায়

এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫ ও ০২-৪৮৩১৭৫১৫ এবং প্রবাস বন্ধু কন্সলেন্টার ১৬১৩৫-এ যোগাযোগ করা যেতে পারে। উল্লেখ্য যে, প্রার্থীদের কোনো Bio-data (জীবন বৃত্তান্ত) সঙ্গে আনার প্রয়োজন নেই।

অনলাইন আবেদনের লিংক: <https://brms.boesl.gov.bd/>

বি.দ্র.: বি.দ্র.: অনলাইনে আবেদন ইন্টারভিউ প্রদানের নিশ্চয়তা বহন করে চাকরি প্রাপ্তির নিশ্চয়তা নয়। চাকরির জন্য অবশ্যই আপনাকে ট্রেড টেস্ট/পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

(কর্মীদের অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১০০ টাকা আবেদন ফি প্রযোজ্য)

বোয়েসেল এর কোন এজেন্ট বা সাব এজেন্ট নেই। বোয়েসেল কর্মী নির্বাচনে নিজে সিদ্ধান্ত নেয়।

বোয়েসেল কোনো নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোনো নগদ অর্থ প্রদান করবেন না

(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-এ কোনো ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করা হয়)

কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষিত সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

২৯/০৯/২৬
রিফাত তাজবীন
বাবস্থাপক
বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট
অ্যান্ড সার্ভিসেস লিমিটেড
ঢাকা।

২৯.০৯.২০২৬

নূর আহমেদ
জিএম (বৈ.ক)

অফিস ঠিকানা:

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)

৭১-৭২, ইফাটন গার্ডেন

রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015



যোগাযোগ নম্বর:

ফোন : ০২-৪৮৩১৯১২৫, ০২৭৬৫৪১১৬৫৩

(সরকারি ছুটির দিন ব্যতীত অন্যান্য দিন সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত)

ই-মেইল : info@boesl.gov.bd

ওয়েব : www.boesl.gov.bd